অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/3/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল ঘোষণা করেছেন যে লং আইল্যান্ড রেইল রোড মিনেওলায় উইলিস অ্যাভেনিউ পুনরায় খুলছে, যা (LONG ISLAND RAIL ROAD, LIRR) এক্সপেনশন প্রজেক্টের আটটি রেলরোড ক্রসিং নির্মূল করার কাজ সম্পূর্ণ করে

এই প্রসারণে তৃতীয় ট্র্যাকের সংযোজন রয়েছে যা যানজট কমাবে, LIRR এর ধারণ ক্ষমতা 50% বৃদ্ধি করবে

ইউনিয়ন নেতারা শত শত নির্মাণ শ্রমিক দ্বারা সমর্থিত মেগা প্রকল্পের আন্ডারপাস পর্যায়ের সমাপ্তি উদযাপনের জন্য মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) নেতৃত্বের সাথে যোগদান করেছেন - ছবিগুলি উপলব্ধ [এখানে]

চূড়ান্ত দুটি রেলরোড ক্রসিং নির্মূল করা হয়েছে - যানবাহন চলাচল এখন ডাবল আন্ডারপাস দিয়ে প্রবাহিত হচ্ছে

ক্রসিং নির্মূল করা নিরাপত্তা বাড়ায়, ট্রাফিক ব্যাকআপ, ট্রেইনের হুইসেলের শব্দ এবং সতর্কতার ঘণ্টির শব্দ কমিয়ে সমাজের জীবনের মান উন্নত করে

LIRR সম্প্রসারণ প্রকল্প চললেও MTA জনসাধারণের জন্য সুবিধা নিয়ে আসছে

গভর্নর ক্যাথি হোচুল আজ মিনেওলা শহরতলীর উইলিস অ্যাভিনিউ পুনরায় চালু হওয়ার ঘোষণা করেছেন, যা একটি নতুন রাস্তার উন্মোচন যা দুটি নতুন রেলপথের সেতুর তলা দিয়ে যায়। এই আন্ডারপাসটি এক জোড়া রাস্তার-স্তরের রেলপথ ক্রসিংকে প্রতিস্থাপিত করে যা কয়েক দশক ধরে ট্রেনের হর্ন বাজার শব্দ, ক্রসিংয়ের ঘণ্টির শব্দের কারণে নিকটবর্তী বাসিন্দাদের কাছে, এবং যে সকল গাড়ির চালকরা পার হওয়ার গেট বন্ধ হওয়ার কারণে যানজটের অভিজ্ঞতা করেছেন, তাদের কাছে এক উপদ্রব সৃষ্টি করেছিল। প্রকল্পের অংশ হিসেবে LIRR মেইন লাইন করিডর বরাবর আট নম্বরের সপ্তম ও অষ্টম ক্রসিং ছিল এগুলি যা দুই বছরের কম সময়ে নির্মূল করা হয়েছে।

"LIRR সম্প্রসারণের এই প্রধান মাইলফলকটি নিউ ইয়র্কবাসী হিসেবে আমাদের অবিচ্ছেদ্য সংকল্পের আরেকটি প্রমাণ যে আমরা বড়, বলিষ্ঠ পরিকাঠামো প্রকল্পগুলি গ্রহণ করেছি এমন কি আমরা যখন সব চেয়ে অপ্রত্যাশিত এবং অপ্রতিরোধ্য পরিস্থিতির মুখোমুখি হচ্ছি," **গভর্নর হোচুল বলেন।** "তৃতীয় ট্র্যাকের প্রকল্পটি নিউ ইয়র্কের যাত্রী রেল নেটওয়ার্কে একটি অমূল্য সম্পদ হবে কারণ এটি LIRR-এ ভ্রমণকে আরও সুবিধাজনক এবং নিরাপদ করে তুলবে ট্রেনের ধারণক্ষমতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করার সাথে পাবে এবং আমরা আমাদের কর্মীবলের সদস্যদের কাছে ঋণী যারা কঠোর পরিশ্রম করছিলেন মহামারীর মধ্যে এই প্রকল্পটি সময়সূচীতে অনুযায়ী চালিয়ে যাওয়ার জন্য।"

লং আইল্যান্ড বিল্ডিং ট্রেডসের (Long Island Building Trades) নেতা ম্যাথিউ আরাকিচ, স্মার্ট ইউনিয়নের (SMART Union) নেতা অ্যান্টনি সাইমন এবং থার্ড ট্র্যাক প্রকল্পের চূড়ান্ত আন্ডারপাস সম্পূর্ণ করেছেন যে শ্রমিকরা, তারা আনুষ্ঠানিকভাবে সাম্প্রতিকতম নিরাপত্তা সংক্রান্ত উন্নতির জন্য MTA নেতাদের হাতে ধরা একটি ফিতা কাটেন। থার্ড ট্র্যাক প্রকল্পটি লং আইল্যান্ডে উন্নত পরিষেবা নিয়ে আসবে, যার মধ্যে অতিরিক্ত বিপরীত-যাত্রার বিকল্প আছে এবং শত শত নির্মাণ শ্রমিকদের দ্বারা এটি সম্পূর্ণ করা হচ্ছে যাদের কারিগরী বৃত্তির মধ্যে আছে ইলেকট্রিশিয়ান, লোহার শ্রমিক, শ্রমিক, টিমস্টার, ছুতার এবং আরও অনেক কিছু।

"এটি সময় মত এবং বাজেটের মধ্যে মূলধন প্রকল্প সরবরাহ করার জন্য MTA-র নতুন পদ্ধতির পরিচিতিবাহক উদাহরণের একটি বড় মাইলফলক" **MTA-র ভারপ্রাপ্ত সভাপতি এবং কার্যনির্বাহী আধিকারিক জ্যানো লিবার বলেন।** "LIRR সম্প্রসারণ প্রকল্প শুরু হওয়ার আগে, সাম্প্রতিকতম ক্রসিং নির্মূলের পর 21 বছরেরও বেশি সময় পার হয়ে গেছিল, কিন্তু আমাদের মূলধন কাজ করার নতুন পদ্ধতিকে ধন্যবাদ, থার্ড ট্র্যাক প্রকল্পের দল দুই বছরের কম সময় আটটি ব্যস্ত রেলপথ ক্রসিং নির্মূল করেছেন। এটি একটি উদাহরণ কিভাবে আমরা সম্পূর্ণ প্রকল্পটি সম্পন্ন হওয়ার জন্য অপেক্ষা না করেই সম্পূর্ণ করা উপাদানগুলি জনসাধারণের সামনে আনতে প্রকল্পগুলি ডিজাইন করছি।"

লং আইল্যান্ড রেল রোডের প্রেসিডেন্ট ফিলিপ এং বলেন, "এই সাম্প্রতিকতম গ্রেড ক্রসিং নির্মূল করার মাইলফলককে ধন্যবাদ, আমাদের রেল ব্যবস্থার এই জটিল অংশটি এখন আমরা যে সম্প্রদায়গুলিকে পরিষেবা প্রদান করি সেখানে আমাদের গ্রাহকদের এবং আমাদের কর্মীদের জন্য, সেই সাথে মোটর চালক, সাইকেল চালক, পথচারীদের জন্য অনেক নিরাপদ। LIRR সম্প্রসারণ প্রকল্পের লক্ষ্য বরাবরই ছিল লক্ষ লক্ষ মানুষ যারা প্রতি বছর এটি ব্যবহার করেন তাদের জন্য একটি নিরাপদ, আরো সুবিধাজনক এবং আরো বলিষ্ঠ রেলপথ তৈরি করা। আমি এ কথা বলতে পেরে গর্বিত যে প্রতিটি অন্তর্বর্তীকালীন সমাপ্তির সাথে, আমরা এখনকার গ্রাহকদের জন্য এবং রেলপথ যাত্রীদের ভবিষ্যত প্রজন্মের জন্য এটি একটি বাস্তবে পরিবত করতে পারছি।"

নাসাউ এবং সফক কাউন্টির ভবন ও নির্মাণ বৃত্তির পরিষদের (Building & Construction Trades Council) সভাপতি ম্যাটিউ আরাকিছ্ বলেন, "থার্ড ট্র্যাক প্রকল্প হল একটি বেসরকারি এবং সরকারি খাতের একটি ফল যা একটি প্রকল্পকে দক্ষতার সাথে প্রদান করতে এক সাথে কাজ করে যা আগামী কয়েক দশক ধরে জনসাধারণের উপকারে আসবে। এই

প্রকল্পের পিছনে আসল নায়করা হল শ্রমিকরা, যারা এমন কি মহামারীর সময়ও, সময়সীমা অনুযায়ী কাজ শেষ করা নিশ্চিত করতে কাজে উপস্থিত হয়েছেন এবং পুরো প্রকল্পটি সময় মত সম্পূর্ণ হয়েছে।"

স্মার্ট ইউনিয়নের জেনারেল চেয়ারম্যান অ্যান্থনি সাইমন বলেন, "এটা ঠিক যে শ্রমিক দিবসের ঠিক আগে সংগঠিত শ্রমের সদস্যরা আরেকটি বড় প্রকল্পের সমাপ্তি উদযাপন করতে একত্রিত হয়েছেন। দিনরাত যে কাজ করা হয় তা নজরে আসে - আমাদের কর্মী বাহিনী কাজে উপস্থিত হন, এগিয়ে আসেন এবং তাদের কাছে যা আশা করা হয় তা সরবরাহ করেন, এবং তাদের ধন্যবাদ যে রেলপথ লং আইল্যান্ডবাসীদের জন্য অনেক বেশি নিরাপদ এবং আরও সুবিধাজনক হবে।"

উইলিস এভিনিউ সহ, 6 সেপ্টেম্বর, 2019 থেকে ছয়টি ক্রসিং ট্রাফিকের জন্য পুনরায় খুলেছে, যখন কর্মীরা নিউ ক্যাসেলের আরবান এভিনিউকে একটি আন্ডারপাস হিসাবে পুনরায় চালু করেছিল। নিউ হাইড পার্কে, কর্মীরা 12 অক্টোবর, 2019-এ কোভার্ট অ্যাভেনিউ এবং 24 আগস্ট, 2020-এ নিউ হাইড পার্ক রোড খুলেছিল। ওয়েস্টবেরিতে, কর্মীরা 13 নভেম্বর, 2020 তারিখে স্কুল স্ট্রিট পুনরায় চালু করে। নিউ হাইড পার্কে S. 12তম স্ট্রিট এবং মিনেওলাতে মেইন স্ট্রিটের দুটি ক্রসিং, যথাক্রমে 24 অক্টোবর, 2020 এবং 27 ফেব্রুয়ারি, 2021-তে বন্ধ ছিল। কর্মীরা S. 12তম স্ট্রিটে একটি পথচারীদের আন্ডারপাস, এবং মেইন স্ট্রিটে একটি পথচারীদের ওভারপাস নির্মাণ করছে।

উইলিস অ্যাভিনিউ ক্রসিং নির্মূল করা এক অনন্য কাজ কারণ এটি দুটি পৃথক ক্রসিংকে পরিবেষ্টিত করে। নতুন নির্মিত আন্ডারপাসটি মোটর চালকদের নিরাপদে মেইন লাইন এবং অয়েস্টার বে শাখার ট্র্যাকগুলির নীচে দিয়ে নিয়ে যায়, যা যানবাহন এবং পথচারীদের যাতায়াতকে অবাধে প্রবাহিত করতে সাহায্য করে, যা যানবাহনের এক্সহস্টের নির্গমন হ্রাস করে, সতর্কতা ঘণ্টি এবং ট্রেনের হর্নের শব্দ দূর করে এবং সম্প্রদায়ের জীবনযাত্রার মান উন্নত করে।

MTA কনস্ট্রাকশন অ্যান্ড ডেভেলপমেন্টের (MTA Construction & Development) সময় মত ক্রসিংগুলি নির্মূল করা রূপান্তরকারী সম্প্রসারণ প্রকল্পের একটি উল্লেখযোগ্য প্রাথমিক লাভ, যার মধ্যে রয়েছে স্টেশনগুলির পুনর্নবীকরণ, ব্রিজগুলির উত্থাপন এবং সুইচ এবং পরিকাঠামোগুলির আপগ্রেড যা করা হবে কর্মীরা LIRR মেইন লাইনে তৃতীয় ট্র্যাক যোগ করার আগে যানজট কমাতে, গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনালের সার্ভিসের সাথে সামঞ্জস্য রেখে রেলরোডের ধারণ ক্ষমতা 50 শতাংশ পর্যন্ত প্রসারিত করতে এবং নিউ ইয়র্ক সিটি থেকে লং আইল্যান্ডে বিপরীতমুখী যাতায়াত উন্নীত করতে।

এক সাথে, আপগ্রেডগুলি অঞ্চল জুড়ে পরিবহনকে রূপান্তরিত করতে সহায়তা করবে এবং লং আইল্যান্ডবাসীদের জন্য একটি নির্ভরযোগ্য, অত্যাধুনিক রেল ব্যবস্থা প্রদান করবে। LIRR-কে রূপান্তরিত করার জন্য 100+ প্রকল্পের বিষয়ে আরও তথ্যের জন্য, aModernLI.com এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন